
D.R.O Barasat – Sale Book-I Deed No – 8828/02 (10)

10 RS.




Deed No. I – 8828 for 2002

One Stamp Rs – 10.00 only

Xerox Copy

2611/1028

dt 24.12.02

606

573

S(9) 4.20

C(6) 5.50

PWP 9–00

18–70

Seal of Office of the District Registrar, North 24 Parganas, Barasat (D.R.-II)

FEES PAID

| | | |
|---|---|---|
| F (i) + F (ii) | Rs. — | 4.00 |
| G (a) + G (b) | Rs. — | 9.70 |
| Stamp | Rs — | 10.00 |
| Xeroxing | Rs. — | 9.00 |
| Plan fee | Rs. — | |
| C. Paper | Rs — | |
| C. F. S | Rs. — | 0.25 |
| Total | Rs. — | 32.95 paise only |

Copy prepared, Sealed, Signed & delivered to the applicant as on

Copy No. 2611/1028 Dt. 24.12.02

R. Sinha

District Sub Registrar - II
North 24-Parganas

24.12.02

10505     58828

ভারতীয় গৈর ন্যায়িক

Rs 20000   বীস হজার রুপয়ে   RUPEES 20000 রুপয়ে   Rs 20000

INDIA NON JUDICIAL

02CC 493661

Admissible under Rule 21 & also (1) of W.B. R. ... stamp under the Indian Act 1899 Subsequently amended Schedule I. A. No. ...

থানা-বারাসাত, মৌজা-আলগড়িয়া

জে. এল নং-৫, দাগ নং-৬০৮, $\frac{৬০৯}{১২৮}$

৬০৬, ৫৭৩, বিক্রয় ভূসম্পত্তি ৬০.৬৪ শতক

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D. S. R. - II)

# শুভ সাফ বিক্রয় কোবালা দলিল

মূল্যমান মং ১৩,০০,০০০.০০ তের লক্ষ টাকা মাত্র

ক্রেতা :— শ্রী গোবিন্দ চন্দ্র ঘোষ, পিতা-শ্রী গান্ধী লাল ঘোষ, জাতি-হিন্দু, পেশা-ব্যবসাদি, সাকিন-৪৫৫, পি. কে. গুহ রোড, থানা-দমদম, জেলা-উত্তর ২৪ পরগনা, কোলকাতা-৭০০ ০২৮।

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D. S. R. - II)

বিক্রেতা :— ১। মোঃ নজরুল ইসলাম গাজী, ২। মোঃ সিরাজুল ইসলাম গাজী, ৩। মোঃ আজিজুল ইসলাম গাজী, ৪। মোঃ এনামুল আলি গাজী, ৫। মোঃ রেজাউল ইসলাম গাজী, সকলের পিতা-প্রয়াত হাজী এনছান আলি গাজী, ৬। মোসাম্মাৎ সাইদা বিবি, স্বামী-মোঃ সিরাজুল ইসলাম গাজী, সকলের জাতি-মুসলমান, পেশা-১ হইতে ৫নং কৃষিকার্য্যাদি, ৬ নং গৃহকার্য্যাদি, সাকিন-আলগড়িয়া, ডাকঘর-ন'পাড়া, থানা-বারাসাত, জেলা-উত্তর ২৪ পরগনা।

Deficit Stamp duty of Rs ...
has been realised on
per Banker's Cheque /
Bank Draft No. ...
Date ... of ...

D. S. R. II
Barasat, North 24-Parganas

★

কস্য রায়ত স্বত্ব বিশিষ্ট স্থাবর সম্পত্তির শুভ সাফ বিক্রয় কোবালা দলিলপত্র মিদং কার্য্যাঞ্চাগে :—

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D. S. R. - II)

26571

Gobinda Chandra Ghosh
1/55, P.K. Guha Road
Kolkata - 28

Rs. 80,000/-

Presented for registration at ... A.D.S.R. ... day of ... Md. Nasirul ... [illegible]

Seal of Office of the District Registrar (D.S.R.-II) North 24 Parganas

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D.S.R. - II)

10562

12 DEC 2002

10563

10564

10565

10566

10567

District ... Parganas ... by Caste — Hindu/Muslim ... by profession ...

Md. Mozaful ... Md. Sirajul ... Md. ... Ali ...

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D.S.R. - II)

12 DEC 2002

भारतीय गैर न्यायिक

बीस हजार रुपये

RUPEES

२००००

रुपये

Rs 20000 रु INDIA NON JUDICIAL Rs 20000 रु

02CC 493662

জেলা উত্তর ২৪ পরগনা, থানা বারাসাত, এ. ডি. এস. আর অফিস কদম্বগাছির এলাকাধীন, পরগনা আনোয়ারপুরের সামিল, জে. এল. নং ৫, রেঃ সাঃ নং ৭৯, মৌজা আলগড়িয়া গ্রামে অবস্থিত ৬০৮ দাগের শালি ৭০ শতক ভূসম্পত্তি ও ৬০৯/৮২৮ দাগের শালি ৩১ শতক ভূসম্পত্তি, একুনে ১.০১ একর ভূসম্পত্তি সহ অপরাপর ভূসম্পত্তিতে অত্র কোবালা দলিলের ১ হইতে ৫নং বিক্রেতাগণ আমাদের পিতা আলগড়িয়া নিবাসী এনছান আলী গাজী ও তদীয় ভ্রাতা আফছার আলী গাজী তুল্যাংশে স্বত্বদখল পরিচালনা করিতে থাকাবস্থায় হাল এল আর জরিপে আমাদের পিতা এনছান আলী গাজীর স্বত্বাংশের ভূসম্পত্তি এল আর ১২৯নং খতিয়ানে নিজনামে স্বত্বলিপি প্রস্তুত করতঃ প্রোক্ত ভূসম্পত্তি ভোগদখলের সুবিধার্থে উহার আকৃতি প্রকৃতি অবস্থান গুণগত মান ও সর্বোপরি আপোষ মীমাংসার কনসিডারেশানের কথা বিবেচনা করিয়া তাহা আপোষে বিভাগ বন্টন করিয়া লয়েন। আপোষ বিভাগ বন্টন মতে প্রাপ্ত ভূসম্পত্তিতে স্বত্বদখল পরিচালনা করিতে থাকাবস্থায় আমাদের পিতা পরলোকগমন করিলে প্রোক্ত ভূসম্পত্তি সহ অপরাপর ভূসম্পত্তি অত্র কোবালা দলিলের ১ হইতে ৫নং বিক্রেতাগণ ও আমাদের সহোদর ভ্রাতা একরামুল ইসলাম গাজী আমরা সকলে তদীয় পুত্র স্বরূপে, মোসাম্মাৎ মনোয়ারা বেগম, মোসাম্মাৎ সাহানারা বেগম, মোসাম্মাৎ জাহানারা বেগম, মোসাম্মাৎ রেহেনা বিবি তদীয় কন্যা স্বরূপে ও আমাদের

Registrar-R/s-I (?)
North 24-Parganas
(D.S.R.)

17 DEC 202

भारतीय गैर न्यायिक

बीस हजार रुपये

RUPEES

२००००

रुपये

Rs 20000 रु

INDIA NON JUDICIAL

Rs 20000 रु

02CC 493663

মাতা মোসাম্মাৎ রাফিকুন নাহার তদীয় বিধবা পত্নী স্বরূপে তাহা উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে স্বত্ববান স্বত্ববতী ও এজমালে দখল পরিচালনা করিতে থাকাবস্থায় আমাদের ভোগদখলের সুবিধার্থে উহার আকৃতি প্রকৃতি অবস্থান গুণগত মান ও সর্বোপরি আপোষ মীমাংসার কনসিডারেশানের কথা বিবেচনা করিয়া তাহা আমাদের ভগ্নীসকল, ভ্রাতা একরামুল ইসলাম গাজী ও মাতার সহিত আপোষে বিভাগ বন্টন করিয়া লইয়াছি। তদানুযায়ী আমাদের প্রাপ্ত অত্র কোবালা দলিলের ১নং তপশীল বর্ণিত ভূসম্পত্তিতে আমরা ১ হইতে ৫নং বিক্রেতাগণ স্বত্বদখল পরিচালনায় নিয়ত আছি এবং উক্ত মৌজা আলগাড়িয়া গ্রামে ৬০৬ দাগের শালি ৯৪ শতক ভূসম্পত্তির মধ্যে ২৩.৫ শতক ও ৫৭৩ দাগের শালি ৩৭ শতক ভূসম্পত্তির মধ্যে ৯.২৫ শতক, একুনে ৩২.৭৫ শতক ভূসম্পত্তি সহ অপরাপর ভূসম্পত্তিতে আলগাড়িয়া নিবাসী জনৈক হাজী এনতাজ আলি মণ্ডল স্বত্ববান ও দখল পরিচালনা করিতে থাকাবস্থায় বিগত ইং ০২-১২-১৯৮০ তারিখে রেজিষ্ট্রিকৃত মোকাম বারাসাত সাবরেজিষ্ট্রি অফিসের ১নং বহির ১১৮নং ভল্যুমের ৮১ হইতে ৮৪ পৃষ্ঠায় লিপিবদ্ধ ৮১৫৬নং একককেতা কোবালা দলিলমূলে তদীয় পুত্র জনৈক আবদুল আলিম মণ্ডলের অনুকূলে বিক্রয় হস্তান্তর করেন। উক্ত আবদুল আলিম মণ্ডল তদীয় খরিদা প্রোক্ত ভূসম্পত্তি সহ অপরাপর ভূসম্পত্তি হাল এল আর জরিপে এল আর কঃ ৭০নং খতিয়ানে নিজ নামে

Registrar u/s 7(2)
North 24-Parganas

17 DEC 2002

भारतीय गैर न्यायिक

बीस हजार रुपये

RUPEES

Rs 20000

INDIA NON JUDICIAL

02CC 493664

স্বত্বলিপি প্রস্তুত করতঃ স্বত্ববান ও দখল পরিচালনা করিতে থাকাবস্থায় বিগত ইং ০৫-১১-১৯৯৯ তারিখে সম্পাদিত ও বিগত ইং ১৭-১১-১৯৯৯ তারিখে রেজিস্ট্রিকৃত মোকাম কদম্বগাছি সাবরেজিস্ট্রি অফিসের ইংরাজী ২০০১ সালের ১নং বহির ১৩নং ভল্যুমের ২৫৭ হইতে ২৬২ পৃষ্ঠায় লিপিবদ্ধ ৭২৪নং এর কেতা কোবালা দলিলমূলে অত্র কোবালা দলিলের ৬নং বিক্রেতা আমার অনুকূলে অত্র কোবালা দলিলের ২নং তপশীল বর্ণিত ৩২.৭৫ শতক ভূসম্পত্তি বিক্রয় হস্তান্তর করেন। উপরোক্ত প্রকারে অত্র কোবালা দলিলের ২নং তপশীল-বর্ণিত ভূসম্পত্তি আমি অত্র কোবালা দলিলের ৬নং বিক্রেতা প্রাপ্ত হইয়া উহাতে স্বত্ববতী ও দখল পরিচালনায় নিয়ত আছি। এবমপ্রকারে অত্র কোবালা দলিলের তপশীলদ্বয়ে বর্ণিত ভূসম্পত্তিতে অত্র কোবালা দলিলের বিক্রেতাগণ আমরা এযাবৎকাল অন্যের বিনা স্বত্বসংশ্রবে নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান স্বত্ববতী ও সর্বসাধারণের জ্ঞাতসারে দখল পরিচালনায় বিদ্যমান আছি এবং উহাতে আমাদের সর্বপ্রকারের হস্তান্তরযোগ্য উত্তম স্বত্ব ও অধিকার রহিয়াছে।

এক্ষণে আমাদের নানাবিধ বৈধ ও সংগত কারণে নগদ টাকার একান্ত আবশ্যক হওয়ায় ১ হইতে ৫নং বিক্রেতাগণের স্বত্বদখলীয় ১নং তপশীল বর্ণিত চিহ্নিত চৌহদ্দিযুক্ত ও সঙ্গীয় ১ম নক্সায় লাল রেখা দ্বারা বেষ্টিত অংশে প্রদর্শিত কমবেশি ২৭.৮৯ শতক পরিমিত ভূসম্পত্তি ও ৬নং বিক্রেতার স্বত্বদখলীয়

155 A.K. Guha Road
Kolkata – 28

Registrar u/s 7 (2)
North 24-Parganas

-2002

২নং তপশীল বর্ণিত চিহ্নিত চৌহদ্দিযুক্ত ও সঙ্গীয় ২য় নক্সায় লাল রেখা দ্বারা বেষ্টিত অংশে প্রদর্শিত কমবেশি ৩২.৭৫ শতক পরিমিত ভূসম্পত্তি, একুনে ৬০.৬৪ শতক পরিমিত ভূসম্পত্তি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি ক্রেতা তাহা লোকপরম্পরায় অবগত হইয়া উপস্থিত ক্রেতাগণের মধ্যে বর্তমান বাজারের উচিৎ মূল্য মং ১৩,০০,০০০.০০ তের লক্ষ টাকা পণে খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করায় আপনার প্রস্তাবিত মূল্যই সময়োচিত সর্বোচ্চ বাজার পণ বিবেচনায় আমরা তাহাতে সম্মত হইয়া পণের লিখিত সমুদয় টাকা আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া আপনার অনুকূলে অদ্যকার তারিখে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিয়া বিক্রিত ভূসম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলত্যাগী হইলাম। বিক্রিত ভূসম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব সামিত্ব দখল লভ্যাধিকার ও হক হকিয়াতাদি ছিল বা আছে কি জন্মিয়াছে তদসমুদয় অদ্য হইতে বিলুপ্ত হইয়া নিব্যূঢ় স্বত্বে আপনার প্রতি বর্তাইল। আপনি অদ্য হইতে আমাদের বিক্রিত ভূসম্পত্তির যাবতীয় স্বত্বে স্বত্ববান দখলে দখলকার ও হকে হকদার হইয়া বর্তমান মালেক সেরেস্তায় আপনার নিজ নামপত্তন করতঃ সন সন মালেকের করাদি আদায় সহকারে যদৃচ্ছাক্রমে দান, বিক্রয়, হস্তান্তর, রূপান্তর, বিলি, ইজারা ইত্যাদি যাবতীয় প্রকার স্বত্ব ও ক্ষমতা পরিচালনাপূর্বক পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কস্মিনকালেও আমরা কিম্বা আমাদের কোন ওয়ারিশানগণ কেহ কখনও কোন প্রকার দাবীদাওয়া বা ওজর আপত্তি করিব না বা করিবে না। যদি কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করি কিম্বা করে তাহা হইলে উহা সর্বত্র সর্বাদালতে বাতিল ও না মঞ্জুর হইয়া অদ্যকার তারিখে অত্র কোবালা দলিল বলে আমাদিগের কর্তৃক আপনার অনুকূলে দত্তস্বত্ব প্রবল ও কার্যকরী থাকিবেক।

বিক্রিত ভূসম্পত্তি আমরা ইতিপূর্বে কোনপ্রকার হস্তান্তর করি নাই বা বন্ধকাদি দিই নাই, কাহারও জামিনের চার্জস্বরূপ অর্পণ করি নাই, কাহারও নিকট হইতে অগ্রিম বায়না গ্রহণ করি নাই, আপনি ব্যতীত অপর কাহারও সহিত বিক্রয়ের চুক্তিতে আবদ্ধ হই নাই। ল্যাণ্ড এ্যাকুইজিশান আইনানুসারে সরকার বাহাদুর স্বয়ং কর্তৃক কিম্বা কোন সমবায় সমিতি কর্তৃক বা কোন সংঘবদ্ধ প্রতিষ্ঠানের নিমিত্তে ইহা অধিগৃহীত

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D.S.R.-II)

2 DEC 2002

হয় নাই। ইহার অপর কোন শরীক নাই। ইহা কোন আদালতের ক্রোকাবদ্ধ ভূসম্পত্তি নহে। ইহার উপর কোন আদালত হইতে স্থায়ী বা অস্থায়ী নিষেধাজ্ঞা আরোপিত হয় নাই। ইহা কোন পীরোত্তর বা দেবোত্তর ভূসম্পত্তি নহে। ইহার সীমানা সহরদ্দ লইয়া কাহারও সহিত বিরোধ নাই। সম্পূর্ণ নির্দায় নির্দোষ ও মুক্তাবস্থায় আমাদের খাসদখলে থাকাকালীন আপনার অনুকূলে বিক্রয় হস্তান্তর করিয়া উহার খাসদখল আপনাকে বুঝাইয়া দিলাম।

প্রকাশ থাকা আবশ্যক যে বিক্রিত ভূসম্পত্তি সম্পর্কে কোন অফিস আদালত কিম্বা রেজিষ্ট্রি অফিসে তল্লাসী না করিয়া আমাদের কথায় সরল বিশ্বাসে আপনি উহা খরিদ করিলেন। পরিণামে কোন প্রকার শঠতা, তঞ্চকতা প্রকাশ পাইলে আইনতঃ দায়ী ও দণ্ডনীয় হইব। যদ্যপি আমাদিগের কর্তৃক কোনপ্রকার শঠতা তঞ্চকতা অবলম্বন প্রকাশ পায় কিম্বা আমাদের স্বত্ব দখলের দোষ ত্রুটির কারণে আপনার খরিদা স্বত্ব দখলে কোনপ্রকার বিঘ্ন সৃষ্টি বা কোন জটিলতার উদ্ভব হয় তাহা হইলে আমরা মায় ওয়ারিশানগণক্রমে যেকোন সময়ে ক্ষতিপূরণ সহ পণের লিখিত সমুদয় টাকা আপনাকে আপোষে ফেরৎ দিতে বাধ্য রহিলাম ও রহিল। নিজ নিজ ইচ্ছায় আপোষে তাহা ফেরৎ দিতে অস্বীকার করিলে আদালতযোগে আমাদের স্বত্বদখলীয় অপরাপর ভূসম্পত্তি ক্রোকাবদ্ধ করতঃ নিলাম বিক্রয় করিয়া তাহা আদায় লইতে পারিবেন।

অত্র কোবালা দলিলে পরবর্তীতে কোনপ্রকার ভুল ভ্রান্তি পরিলক্ষিত হইলে তজ্জন্য আপনার খরচে আপনার অনুকূলে আপনার তলব মতে যেকোন সময়ে আমরা মায় ওয়ারিশানগণ ক্রমে আবশ্যকীয় ভ্রম সংশোধন দলিল সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিল। নিজ নিজ ইচ্ছায় তাহা করিয়া দিতে অস্বীকার করিলে আদালতযোগে উহা করাইয়া লইতে পারিবেন।

আংশিক বিক্রয়হেতু বিক্রিত ভূসম্পত্তি সংক্রান্ত মূল কিছু কিছু দলিল দস্তাবেজ ও অন্যান্য কাগজপত্রাদি সমস্তই আমাদের হেফাজতে রহিল। প্রয়োজনে আপনাকে দর্শাইতে কিম্বা আপনার হেফাজতে প্রদান করিতে বাধ্য রহিলাম।

বিক্রিত ভূসম্পত্তি সংক্রান্তে পরবর্তীতে কোনপ্রকার মামলা মোকদ্দমার উদ্ভব হইলে আমরা

Registrar u/s 7 (2)
North 24-Parganas
(D. S. R. - II)

2 DEC 2002

মায় ওয়ারিশানগণ ক্রমে আপনার অনুকূলে সাক্ষ্য প্রমাণাদি দিতে বাধ্য রহিলাম। আমাদের সাক্ষ্য প্রমাণাদির অভাবে আপনার কোনপ্রকার ক্ষয়ক্ষতি হইলে সমুহ ক্ষতিপূরণ দিতে বাধ্য রহিলাম।

এতদ্ব্যতীত আপনার খরিদা ভূসম্পত্তির স্বত্ব দখল সুদৃঢ় ও কায়েম করিবার নিমিত্ত আপনাকে আমরা সর্বতোভাবে সর্বপ্রকারের সহায়তা ও সহযোগিতা করিতে বাধ্য রহিলাম।

এতদার্থে সুস্থ শরীরে স্থির মস্তিষ্কে অত্র কোবালা দলিলের লিখিত মর্ম ও ভাবী ফলাফল সমূহ অবগত হইয়া পণের লিখিত সমুদয় টাকা আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া অন্যের বিনা প্ররোচনায় ইসাদীগণের সমক্ষে অত্র কোবালা দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি সন বাংলা ১৪০৯ সালের ২৫শে অগ্রহায়ন, ইংরাজী ১২ / ১২ /২০০২ সাল।

## ১নং তপশীল বিক্রিত ভূসম্পত্তির পরিচয়

ইহার মূল্যমান মং-১০,০০,০০০.০০ দশ লক্ষ টাকা মাত্র

জেলা উত্তর ২৪ পরগনা, থানা বারাসাত, এ. ডি. এস. আর অফিস কদম্বগাছির এলাকাধীন, পরগনা আনোয়ারপুরের সামিল, জে. এল. নং ৫, রেঃ সাঃ নং ৭৯, মৌজা আলুগড়িয়া গ্রামে ১৪৬নং তৌজির বর্তমান মালেক মহামান্য পঃ বঃ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগনা জেলার কালেক্টর বাহাদুর অধিকারে রায়ত স্বত্বদখলীয় একজমার রিভিশন্যাল সেটেলমেন্টের খতিয়ান হইতে হাল এল আর ১২৯নং খতিয়ানভুক্ত :—

৬০৮ ছয়শত আট দাগে শালি ৭০ শতক মধ্যে ৩৫ শতক ভূসম্পত্তি

৬০৯/৬৮৮ ছয়শত নয় বাটা ছয়শত আটাশি দাগে শালি ৩১ শতক মধ্যে ১৬ শতক ভূসম্পত্তি

একুনে উভয় দাগের ১.০১ একর পরিমিত ভূসম্পত্তির মধ্যে হইতে আপোষ বন্টক মতে প্রাপ্ত ও কৃতচিহ্নিত মতে দখলীয় ৫১ শতক পরিমিত ভূসম্পত্তি তন্মধ্যে অত্র কোবালা দলিলের ১ হইতে ৫নং বিক্রেতাগণ আমাদের কৃতচিহ্নিত মতে দখলীয় চিহ্নিত চৌহদ্দিযুক্ত ও নক্সায় ১ম নমুনায় লাল রেখা

Registered u/s 7 (...)
North 24-Parganas
(D. S. R. - II)

12 DEC 2002

দ্বারা বেষ্টিত অংশে প্রদর্শিত কমবেশি ২৭.৮৯ শতক পরিমিত ভূসম্পত্তি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা দলিলের ১নং তপশীল বর্ণিত ভূসম্পত্তি হইতেছে। ইহার হারাহারি বার্ষিক খাজনা পশ্চিমবঙ্গ ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে ধার্য্য হইবে।

চৌহদ্দি

উত্তরে ঃ অন্যের স্বত্বদখলীয় ভূসম্পত্তি — দক্ষিণে ঃ শেফালী ঘোষ

পূর্বে ঃ কৃষ্ণনগর রোড। — পশ্চিমে ঃ মোসাম্মাৎ সাইদা বিবি

## ২নং তপশীল বিক্রিত ভূসম্পত্তির পরিচয়

### ইহার মুল্যমান মং ৩,০০,০০০.০০ তিন লক্ষ টাকা মাত্র

জেলা উত্তর ২৪ পরগনা, থানা বারাসাত, এ. ডি. এস. আর অফিস কদম্বগাছির এলাকাধীন, পরগনা আনোয়ারপুরের সামিল, জে. এল. নং ৫, রেঃ সাঃ নং ৭৯, মৌজা আলগড়িয়া গ্রামে ১৪৬নং তৌজির বর্তমান মালেক মহামান্য পঃ বঃ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগনা জেলার কালেক্টর বাহাদুর অধিকারে কাতবার্ষিক ৪ আড়ি ধান্য এবং পরবর্তীকালে ৯ টাকা করের ১.৮৯ একর ভূসম্পত্তির একজমার রায়ত স্বত্বদখলীয় রিভিশন্যাল সেটেলমেন্টের ১৯৭নং খতিয়ান হইতে হাল এল.আর কৃঃ ৭০নং খতিয়ানভুক্ত ঃ—

৬০৬ ছয়শত ছয় দাগে শালি ৯৪ শতক ভূসম্পত্তির মধ্যে ২৩.৫ শতক ভূসম্পত্তি

৫৭৩ পাঁচশত তিয়াত্তর দাগে শালি ৩৭ শতক ভূসম্পত্তির মধ্যে ৯.২৫ শতক ভূসম্পত্তি

একলপ্তে উভয় দাগের সমুদয় ভূসম্পত্তির মধ্যে আপোষ বণ্টক ও কৃতচিহ্নিত মতে অত্র কোবালা দলিলের ৬নং বিক্রেতা আমার স্বত্বদখলীয় চিহ্নিত চৌহদ্দিযুক্ত ও সঙ্গীয় ২য় নক্সায় লাল রেখা দ্বারা বেষ্টিত অংশে প্রদর্শিত ৩২.৭৫ শতক পরিমিত ভূসম্পত্তি অত্র কোবালা দলিলের ২নং তপশীল বর্ণিত ভূসম্পত্তি হইতেছে। ইহার হারাহারি বার্ষিক খাজনা পশ্চিমবঙ্গ ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে ধার্য্য হইবে।

Registrar u/s 7(2),
North 24-Parganas
(D.S.R.-II)

DEC 2007